

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৮ অক্টোবর ২০১৭ সকাল ১১.০০ টায় মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম। সভায় বিগত সভার সিদ্ধান্ত/ সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়। সভাপতি গত ১১ অক্টোবর ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সেবা সহজিকরণে উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার আলোচনা ও নির্দেশনার প্রেক্ষিতে ইনোভেশন কার্যক্রমকে আরো সুনির্দিষ্ট ও জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেন। সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুসারে আলোচ্য বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি উপরে বিস্তারিত আলোচনা হয়।

উল্লেখ্য, বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুসারে আলোচ্য বিষয় সমূহ হলো: অভিবাসন প্রবণ আরও ৬টি জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ; বিদেশ গমনেচ্ছু কর্মীদের সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ৪টি ডিইএমও-তে ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে সর্বমোট ২৯টি ডিইএমও-তে এ কার্যক্রম সম্প্রসারণ; ব্যুরোর ওয়েবসাইটে অধিকসংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধ্যুষিত দেশসমূহের Country Specific Guideline প্রকাশ; অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক ধাপসমূহ এসএমএসের মাধ্যমে অবহিতকরণ; সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র স্থাপন; বহির্গমন ছাড়পত্র ব্যতীত বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মী এবং বিদেশে বসবাসরত বাংলাদেশীদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য সফটওয়্যার তৈরীকরণ; বোয়েসেলের দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য এইচআরএম সফটওয়্যার তৈরীকরণ; অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের নিকট আরো সহজ প্রক্রিয়ায় অভিবাসন ঋণ প্রদান করা; বকেয়া/খেলাপী ঋণ আদায়ের জন্য নতুন ধরনের উদ্ভাবনী কলাকৌশল অবলম্বন করে শাখা পর্যায়ে তা বাস্তবায়ন করা; অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা এবং মন্ত্রিপরিষদ বিভাগে ১১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করা।